

এইচএসসি পরীক্ষা কার কোন কেন্দ্রে, তালিকা প্রকাশ

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ২৪ মার্চ ২০২৪



চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র তালিকা প্রকাশ করেছে ঢাকা শিক্ষা বোর্ড।

বোর্ডের ওয়েবসাইটে কেন্দ্র অনুযায়ী কলেজের তালিকা দেওয়া হয়েছে।

এ বছরের এইচএসসি পরীক্ষা কবে শুরু হবে তা এখনো চূড়ান্ত হয়নি। তবে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানিয়েছে, ৩০ জুন এই পরীক্ষা

শুরু হতে পারে।

সাধারণত এপ্রিলে দেশে উচ্চ মাধ্যমিক পরীক্ষা নেওয়া হলেও কোভিড মহামারীর ধাক্কায় শিক্ষা সূচি এলোমেলো হওয়ায় এবারও পরীক্ষা পিছিয়ে নেওয়া হচ্ছে।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণ শুরু হবে আগামী ১৬ এপ্রিল থেকে, চলবে ২৫ এপ্রিল পর্যন্ত।